# স্বপ্নও সত্যি হয় যদি আমি চাই

প্রিয় সুপ্রভাত,

তোমার এ সপ্তাহের চিঠির বিষয় তুমি দিয়েছ, ***স্বপ্নও সত্যি হয় যদি আমি চাই***। বিষয়টি খুবই ইতিবাচক। তাই লিখতে বসলাম।

বসন্তকালে যখন বাতাসে ভেসে বেড়াত শিমুল তুলো, আকাশের দিকে তাকিয়ে ছেলেবেলার জিজ্ঞাসু চোখ জানতে চাইত এর উৎসের সন্ধান। পিছু পিছু মনও ভেসে বেড়াত সেই তুলোর সাথে। শোনা কথা অনুযায়ী ভাসতে ভাসতে মন পোঁছে যেত সেইখানে, সেই চাঁদের চড়কা বুড়ির কাছে। যার চড়কা থেকে বাতাসে ডানা মেলে উড়ে আসত তুলোর দল। তার কথা ভাবতে ভাবতে কখন যেন আত্মীয়তা তৈরি হয়ে যেত ছোট্ট মনের সাথে। কারন স্বপ্নের মাঝেও ছিল, তার আনাগোনা। চাঁদও কখন যেন হয়ে উঠল চাঁদমামা, মায়ের ডাকে সে এসে আমার ঘুমন্ত কপালে টিপ দিয়ে যেত। এখন সেই চাঁদ মামাও নেই, নেই সেই চড়কা বুড়িও। সেই স্বপ্নলোকে আজ মানুষের পদচারন। মানুষের মনে চাঁদকে ছোঁয়ার অদম্য ইচ্ছাই তাকে পোঁছে দিয়েছে সেই কল্পলোকে। চাঁদ এখন আর কোন স্বপ্নালু অনুভূতি নয়, চাঁদ আজ বাস্তব। কারন, আমি চেয়েছি।

মানুষ মরনশীল, পৃথিবীতে এর চেয়ে সত্যি কিছু নেই। অমরতার ভাবনা বা কল্পনা, স্বপ্ন মাত্র। চিকিৎসা বিজ্ঞানের উন্নতি ঘটিয়ে, মানুষের মনের অদম্য ইচ্ছা পূর্বের তুলনায় মৃত্যুর হার কমিয়ে এনে জীবনকে করেছে দীর্ঘায়ীত। কারন, আমি চেয়েছি।

আকাশের দিকে তাকিয়ে মানুষও স্বপ্ন দেখল পাখীর মতো ওড়ার। আবার জলের দিকে নজর পড়তেই সাধ হল মাছের মতো জলের ঢেউয়ের সাথে খেলা করবার। স্বপ্ন ও সাধ কোনটিই বেশী দিন অপূর্ণ রইল না। মনের অদম্য ইচ্ছা তার সেই স্বপ্ন কে অনেক আগেই সত্যি করে তুলেছে। কারন, আমি চেয়েছি।

আমার চাওয়ার বেগ যখন অদমনীয়, একমাত্র তখনই আমি লক্ষ্যে পোঁছতে পারছি। আর এই লক্ষ্যের যাত্রা পথে আমার চাওয়া ক্রমে মিশে যায় আমার শরীর ও মননে, আমার স্বাস ও প্রশ্বাসে, আমার বোধ ও বিশ্বাসে। একমাত্র তখনই আমি পোঁছে যাই আমার স্বপ্ন পূরনের অনেক কাছাকাছি। একান্তভাবে আমার চাওয়াই, আমায় পোঁছে দেয় পরিণতিতে। স্বপ্ন সত্যি হয়ে ওঠে, কারন আমি চেয়েছি।

শৈশবের চড়কা বুড়ি আর চাঁদমামাকে পেছনে ফেলে সময়ের সাথে আমরা এগিয়ে যাই। জীবনের রেলগাড়ির প্রতিটি কামরায় আমরা ভরে নিতে থাকি পথের নানা অভিজ্ঞতা। কিছু পাই আর যার ফলে মূল্য দিয়ে হারাই অনেক কিছুই। চাওয়া আর পাওয়ার হিসেব নিকেশের মাঝে হিসেব কষতে বসে, সেই সত্যের উপলব্ধি হয় যে, বাস্তবে পেয়েছি সেই সব যা আমি চেয়েছি অন্তর দিয়ে। আমার সেই সব স্বপ্নই একমাত্র বাস্তবায়িত হয়েছে, যার চাওয়ায় ছিল আমার অদম্য ইচ্ছা শক্তি। আর তখনই আমি বিশ্বাস করি, আমার স্বপ্নও সত্যি হয় যদি আমি চাই। অর্থাৎ– যদি, আমি চাই।

ইতি,

শ্রী পান্থপাদপ ২৪/১/২০০৭, শিলিগুড়ি